মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি
গুলফেঁশা প্লাজা (৭ম তলা)
৮ শহীদ সাংবাদিক সেলিনা পারভীন সড়ক
বড় মগবাজার, রমনা
ঢাকা-১২১৭।

এমআরএ/সার্কুলার লেটার নং-রেগু-২৬

তারিখ: ২৪ আষাঢ় ১৪২১ বাংলা
০৮ জুলাই ২০১৪ ইংরেজী

প্রধান নির্বাহী কর্মকর্তা
সকল ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠান

প্রিয় মহোদয়,

এমআরএ/সার্কুলার লেটার নং রেগু-৫ ও রেগু-৮ এর নির্দেশনা পরিপালন প্রসঙ্গে।

শিরোনামোক্ত বিষয়ে অথরিটি কর্তৃক গত ১০/১১/২০১০ ও ০৮/০৬/২০১১ তারিখে জারিকৃত যথাক্রমে এমআরএ/সার্কুলার লেটার নং-রেগু-০৫ ও এমআরএ/সার্কুলার লেটার নং-রেগু-০৮ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে যে, কোন কোন ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠান উপরোক্ত সার্কুলারদ্বয়ে বর্ণিত নির্দেশনা যথাযথভাবে অনুসরণ করছেনা, বিশেষ করে ঋণ আদায়ের ক্ষেত্রে ১৫ দিনের গ্রেস পিরিয়ড প্রদান না করে ঋণ প্রদানের অল্পদিন পরেই ঋণের কিস্তি আদায় করছে; তাছাড়া ঋণের হার ক্রমহ্রাসমান ঋণস্থিতি পদ্ধতিতে (Declining Balance Method) হিসাবায়নের পরিবর্তে ফ্ল্যাটরেটে হিসাবায়ন করছে এবং সাপ্তাহিক ভিত্তিতে আদায়কৃত বাধ্যতামূলক সঞ্চয়ের উপর ৬% এর চেয়ে কম হারে সুদ প্রদান করছে । অথরিটির উপরোক্ত সার্কুলারে প্রদত্ত নির্দেশাবলী যথাযথভাবে অনুসরন না করা মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি আইন, ২০০৬ এবং মাইক্রোক্রেডিট রেগুলেটরী বিধিমালা, ২০১০ এর বিধি-বিধান লংঘনের শামিল। এ প্রেক্ষিতে শিরোনামে উল্লেখিত সার্কুলারে সংশ্লিষ্ট সকলকে নির্দেশাবলী যথাযথভাবে অনুসরনের জন্য পুনরায় পরামর্শ প্রদান করা হলো।

উপরোক্ত নির্দেশনাসমূহ পরিপালনে ব্যর্থ হলে অথরিটি কর্তৃক সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের বিরুদ্ধে মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি আইন, ২০০৬ ও মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি বিধি, ২০১০ এর বিধান মোতাবেক প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা হবে।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

আপনাদের বিশ্বস্ত,

(মনোজ কুমার বিশ্বাস)
পরিচালক
ফোনঃ-৮৩৩৩৬৩৬।

অনুলিপি নং-৫৩.০১.০০০০.০০৯.০১.০০৩.২০১৪-৫২ (৭৫২)

তারিখ: ঐ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :-

১. মহাপরিচালক, এনজিও বিষয়ক ব্যুরো, ঢাকা।
২. মহাপরিচালক, সমাজসেবা অধিদপ্তর, ঢাকা।
৩. মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।
৪. রেজিস্ট্রার, রেজিস্ট্রার অব জয়েন্ট স্টক কোম্পানিজ এন্ড ফার্মস, ঢাকা।
৫. ব্যবস্থাপনা পরিচালক, পল্লী কর্ম সহায়ক ফাউন্ডেশন, ঢাকা।

আপনাদের বিশ্বস্ত,

(মোহাম্মদ ইয়াকুব হোসেন)
উপ-পরিচালক
ফোন: ৮৩১৫৭৯৯।